

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৮৮৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ আমরা যে দু'আর কথা বর্ণনা করলাম সেটা হলো ইসমে আ'যম এর মাধ্যমে দু'আ, যার মাধ্যমে কোন ব্যক্তি দু'আ করে ব্যর্থ মনোরথ হয় না

ذِكْرُ الْبَيَانِ بَأَنَّ دُعَاءَ الْمَرْءِ بِمَا وَصَفْنَا إِنَّمَا هُوَ دَعَاؤُهُ بِاسْمِ اللَّهِ الْأَعْظَمِ الَّذِي لَا يَخِيبُ مَنْ سَأَلَ رَبَّهُ بِهِ

আরবী

889 - أَخْبَرَنَا أَبُو الْعَبَّاسِ أَحْمَدُ بْنُ عِيسَى بْنُ السَّكِّينِ الْبَلَدِيُّ بِوَاسِطٍ، قَالَ: حَدَّثَنَا أَبُو الْحُسَيْنِ أَحْمَدُ بْنُ سُلَيْمَانَ بْنِ أَبِي شَيْبَةَ الرَّهَائِيُّ، قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، قَالَ: حَدَّثَنَا مَالِكُ بْنُ مِغُولٍ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، أَنَّهُ دَخَلَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسْجِدَ، فَإِذَا رَجُلٌ يُصَلِّي يَدْعُو، يَقُولُ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنِّي أَشْهَدُكَ أَنَّكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْأَحَدُ الصَّمَدُ، الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ، وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «وَالَّذِي نَفْسِي بِيَدِهِ، لَقَدْ سَأَلَ اللَّهُ بِاسْمِهِ الْأَعْظَمِ، الَّذِي إِذَا سُئِلَ بِهِ أُعْطِيَ، وَإِذَا دُعِيَ بِهِ أُجَابَ»، وَإِذَا رَجُلٌ يَقْرَأُ فِي جَانِبِ الْمَسْجِدِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَقَدْ أُعْطِيَ مِزْمَارًا مِنْ مِزَامِيرِ آلِ دَاوُدَ» وَهُوَ عَبْدُ اللَّهِ بْنُ قَيْسٍ قَالَ فَقُلْتُ لَهُ: يَا رَسُولَ اللَّهِ أُخْبِرُهُ؟ فَقَالَ: «أُخْبِرُهُ»، فَأَخْبَرْتُ أَبَا مُوسَى فَقَالَ: لَنْ تَزَالَ لِي صَدِيقًا.

الراوي : بُرَيْدَةُ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان

على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 889 | خلاصة حكم المحدث: صحيح -

قَالَ زَيْدُ بْنُ الْحُبَابِ: فَحَدَّثْتُ بِهِ زُهَيْرَ بْنَ مُعَاوِيَةَ فَقَالَ: سَمِعْتُ أَبَا إِسْحَاقَ السَّبَّيْعِيَّ يُحَدِّثُ بِهَذَا الْحَدِيثِ عَنْ مَالِكِ بْنِ مِغُولٍ.

বাংলা

৮৮৯. বুরাইদা রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “তিনি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে মসজিদে প্রবেশ করেন, এসময় দেখা গেলো এক ব্যক্তি এই বলে দু‘আ করছেন, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ (হে আল্লাহ, আমি আপনার কাছে চাচ্ছি, কারণ আমি আপনাকে সাক্ষ্য রেখে বলছি যে, আপনি ছাড়া প্রকৃত কোন মা‘বুদ নেই, আপনি এক, মুখাপেক্ষীহীন, যিনি কাউকে জন্ম দেয়নি, আর তাকেও জন্ম দেওয়া হয়নি, তাঁর সমতুল্য কেউ নেই।) তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “ঐ সত্তার কসম! যার হাতে রয়েছে আমার প্রাণ! নিশ্চয়ই সে আল্লাহর কাছে তাঁর এমন মহানতম নামের মাধ্যমে চেয়েছে, যে নামের মাধ্যমে চাওয়া হলে, তিনি প্রদান করেন আর তার মাধ্যমে দু‘আ করা হলে তিনি কবুল করেন।”

এসময় আরেক ব্যক্তিকে দেখা গেলো তিনি মসজিদের এক কোণে বসে কুর‘আন পড়ছেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই তাঁকে দাউদ পরিবারের বাঁশিসমূহ থেকে একটি বাঁশি দেওয়া হয়েছে। তিনি হলেন আব্দুল্লাহ বিন কায়েস রাহিয়াল্লাহু আনহু। রাবী বলেন, আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি তাকে এটি জানিয়ে দিবো?” জবাবে তিনি বলেন, “তাঁকে জানিয়ে দাও।” অতঃপর আমি আবু মুসা রাহিয়াল্লাহু আনহুকে তা জানিয়ে দিলাম। তখন তিনি আমাকে বলেন, “তুমি চিরকাল আমার বন্ধু থাকবে।”[1]

যাইদ বিন হুবাব বলেন, “অতঃপর আমি হাদীসটি যুহাইর বিন মু‘আবিয়ার কাছে বর্ণনা করলে তিনি বলেন, “আমি আবু ইসহাক আস সাবি‘ঈকে বলতে শুনেছি তিনি এই হাদীসটি মালিক বিন মিজওয়াল থেকে বর্ণনা করেছেন।”

ফুটনোট

[1] তিরমিযী: ৩৪৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩৪১।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ বুয়ায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89393>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন